সনন্ত ধাতু
(Desiderative Verbs)

১। ধাতোঃ কর্মণঃ সমানকর্তৃকাদিচ্ছায়াং বা (৩।১।৭)—ইষ্-ধাতুর সমানকর্তৃক ধাতুর উত্তর সেই বিষয়ক ইচ্ছা বুঝাইতে বিকল্পে সন্ হয়। সন্ এর স থাকে। **সন্-প্রত্যয়ান্ত ধাতু পূর্ব ধাতু হইতে স্বতন্ত্র।** এইজন্য ইহার রূপ পূর্বধাতুর রূপের ন্যায় নহে। **সন্-প্রত্যয়ান্ত ধাতুর রূপ ভ্বাদিগণীয় ধাতুর ন্যায়।** যথা, পঠিতুম্ ইচ্ছতি (পঠ্ + সন্ + লট্ তি) = পিপঠিষতি। পাতুমিচ্ছতি (পা + সন্ + লট্ তি) = পিপাসতি, লোট্—পিপাসতু, লঙ্—অপিপাসৎ, বিধিলিঙ্—পিপাসেৎ, লৃট্—পিপাসিষ্যতি। লিট্ বিভক্তিতে (প্রত্যয়ান্ত বলিয়া) আম্ হয় এবং আম্ এর পরে কৃ, ভূ ও অস্ এর অনুপ্রয়োগ হয়। যথা, পিপাসাঞ্চকার, পিপাসাম্বভূব, পিপাসামাস।

২। অচেতনস্য ইচ্ছায়া অসম্ভবেঽপি উপচারাৎ সন্—যদিও অচেতন পদার্থের ইচ্ছা সম্ভব নহে তথাপি তৎসম্বন্ধীয় ইচ্ছা কল্পনা করায় তখন ধাতুর উত্তর সন্ হয়। যথা, নদীকূলং পতিতুমিচ্ছতি পতনোন্মুখং ভবতি—**নদীকূলং পিপতিষতি।** এইরূপ, **গৃহং নিনঙ্ক্ষতি** ইত্যাদি স্থলে **উন্মুখতা অর্থ বুঝায়।**

৩। আশঙ্কায়াং সন্ বক্তব্যঃ (বা)—প্রকৃতপক্ষে ইচ্ছা আছে কিনা না জানা গেলেও যদি ঐরূপ আশঙ্কা হয় অর্থাৎ **সম্ভাবনা** থাকে, তাহা হইলেও ধাতুর উত্তর সন্ হয়। যথা, শ্বা মুমূর্ষতি (The dog is on the point of death)।

৪। পূর্ববৎ সনঃ (১।৩।৬২)—যে ধাতু যে পদী সন্ প্রত্যয় করিলে সেই ধাতু সেই পদীই থাকে। যথা, পঠ্-ধাতু পরস্মৈপদী, এইজন্য পিপাঠিষ্ ধাতুও পরস্মৈপদী—**পিপঠিষতি,** লভ্-ধাতু আত্মনেপদী, এইজন্য লিপ্স্ (লভ্ + সন্) ধাতুও আত্মনেপদী—**লিপ্সতে।**

৫। জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ (১।৩।৫৭)—কিন্তু জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতু সনন্ত হইলে আত্মনেপদী হয়। যথা, **জিজ্ঞাসতে, শুশ্রূষতে, সুস্মূর্ষতে, দিদৃক্ষতে।**

Scanned with CamScanner

৬। **গুপ-তিজ-কিদ্ভ্যঃ সন্** (৩।১।৫)—গুপ্, তিজ্ ও কিত্-ধাতুর উত্তর স্বার্থে নিত্য সন্ হয়। যথা, সাধুঃ অধর্মং জুগুপ্সতে (নিন্দতি) ; মুনিঃ অপরাধং তিতিক্ষতে (সহতে) ; বৈদ্যঃ আতুরং চিকিৎসতি ; শিষ্যঃ শাস্ত্রে চিকিৎসতি (সন্দেগ্ধি)।

৭। **মান্-বধ-দান্-শান্ভ্যো দীর্ঘশ্চাভ্যাসস্য** (৩।১।৬) —মান্, বধ, দান্ ও শান্ ধাতুর উত্তর নিত্য স্বার্থে সন্ হয় এবং দ্বিরুক্তের পূর্বভাগের স্বর দীর্ঘ হয়। যথা, শিষ্যঃ শাস্ত্রং মীমাংসতে (বিচারয়তি); সাধুঃ ব্যাধং বীভৎসতে (নিন্দতি); মুনিঃ দীদাংসতি (অকুটিলীভবতি) ; ভটঃ খড়্গং শীশাংসতি (তীক্ষ্ণীকরোতি)।

Scanned with CamScanner